গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
fisheries.araihazar.narayanganj.gov.bd

স্মারক নং -৩৩.০২.৬৭০২.৫০১.০২.০০৫.২২. ৭৮

তারিখ: ১১ পৌষ ১৪৩১
২৬ ডিসেম্বর ২০২৪

জেলা মৎস্য কর্মকর্তা
নারায়ণগঞ্জ।

বিষয়ঃ অত্র দপ্তরের অফিস সহায়ক জনাব মোঃ মোশারফ হোসেন এর চাকুরী হতে অবসর গ্রহন নিমিত্তে অবসরউত্তর ছুটি (পিআরএল ) ও লাম্পগ্রান্ড মঞ্জুরীর আবেদন প্রেরণ প্রসঙ্গে।

উল্লেখিত বিষয়ের আলোকে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এতদসংগে জনাব মোঃ মোশারফ হোসেন, অফিস সহায়ক এর চাকুরী হতে অবসর গ্রহন জনিত কারণে তাঁহার অবসরউত্তর ছুটি (পি আরএল ) লাম্পগ্রান্ড মঞ্জুরীর মূল আবেদন পত্র ও চাকুরীর মূল খতিয়ান বহি এবং সংশ্লিষ্ট কাগজপত্র সহ আপনার বরাবর প্রেরন করা হলো। কর্মচারীর চাকুরীকাল ৩২ বৎসর পূর্ণ হইয়াছে এবং চাকুরী সন্তোষজনক।

সরকারী কর্মচারীর অবসর বিধিমালা ও কর্মচারীর চাকুরী বহির রেকর্ড ও হিসাব অনুযায়ী তাঁহার জন্ম ০১/০১/১৯৬৬ খ্রি. তারিখ বিধায় আগামী ৩১/১২/২০২৪ খ্রি. তারিখে তাঁহার বয়স ৫৯ ( উনষাট ) বৎসর পূর্ণ হবে। আগামী ০১/০১/০২৫ খ্রি.তারিখ হতে ০১ বৎসরের অবসরউত্তর ছুটিসহ কর্মচারীর চাকুরীকালীন সময়ের প্রাপ্য ছুটির পরিবর্তে তাহাকে ১৮ ( আঠারো ) মাসের মূল বেতনের সমপরিমান অর্থ ( ২০৭৬০ X ১৮ মাস ) = ৩৭৩৬৮০/- ( তিন লক্ষ তিহাত্তর হাজার ছয়শত আশি) টাকা লাম্পগ্রান্ড মঞ্জুরীর প্রদানের জন্য সুপারিশ করা হলো।

উল্লেখ্য যে, কর্মচারীর চাকুরীর বহির হিসাব অনুযায়ী পূর্ণ গড় বেতনে ০২ বৎসর ০০ মাস ২৭ দিন এবং অর্থ গড় বেতনে ০২বৎসর ০৭ মাস ২৫ দিন ছুটি পাওনা আছেন। তাঁহার জুলাই/২০২৪ মাসের মূল বেতন ২০৭৬০/- ( বিশ হাজার সাতশত ষাট) টাকা।

সংযুক্তঃ

১. মূল আবেদন পত্র ১ (এক ) কপি।
২. অস্টম শ্রেনী পাশের সনদের সত্যায়িত ১ (এক ) কপি।
৩.ছুটির হিসাব বিবরনী ১ (এক ) কপি।
৪. চাকুরীর মূল খতিয়ান বহি ১ টি (৩য় খন্ড)

জেসমীন আক্তার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
sufoaraihazar@fisheries.gov.bd

মৎস্য কর্মকর্তা
য়ণগঞ্জ।

মাধ্যমঃ যথাযথ কর্তৃপক্ষ।

বিষয়ঃ চাকুরী হতে অবসর গ্রহন নিমিত্তে অবসরউত্তর ছুটি (পিআরএল ) ও লাম্পগ্রান্ট মঞ্জুরীর জন্য আবেদন।

জনাব

যথাবিহীত সম্মান প্রদর্শনপূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্মস্বাক্ষরকারী বিগত ০৪/০৫/১৯৯২ খ্রি. তারিখে চাকুরীতে প্রথম যোগদান করি। ০৪/০৫/১৯৯২ খ্রি. তারিখে চাকুরীতে যোগদানের পর দীর্ঘ দিন যথাযথ কর্তৃপক্ষের সন্তুষ্টির সহিত চাকুরী করিয়া আসিতেছি। আমার জন্ম ০১/০১/১৯৬৬ খ্রি.তারিখ এবং সরকারী চাকুরী কর্মচারীর অবসর বিধিমালা অনুযায়ী আগামী ৩১/১২/২০২৪ খ্রি. তারিখে ৫৯ ( উনষাট ) বৎসর পূর্ণ হবে বিধায় ০১/০১/২০২৫ খ্রি. তারিখ আমার অবসরউত্তর ছুটি (পি আরএল ) আরম্ভ হবে। তাই আমি আগামী ০১/০১/২০২৫ খ্রি. তারিখ হতে ০১ (এক ) বৎসর অবসরউত্তর ছুটি (পি আরএল ) ভোগের মঞ্জুরীর জন্য আবেদন করছি।

অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের সরকারী কর্মচারীর অবসর ছুটির বিধিমালা অনুযায়ী আমার অবসরউত্তর ছুটি (পি আরএল ) এর সহিত লাম্পগ্রান্ড বাবদ ১৮ (আঠারো ) মাসের মূল বেতনের সমপরিমান অর্থ ( ২০৭৬০ X ১৮ মাস ) = ৩৭৩৬৮০/- ( তিন লক্ষ তিহাত্তর হাজার ছয়শত আশি) টাকা মাত্র লাম্পগ্রান্ড মঞ্জুরীর জন্য আবেদন করছি। উল্লেখ্য যে, আমার চাকুরী বহির হিসাব অনুযায়ী চাকুরীকালীন সময়ে আমার পূর্ণ গড় বেতনে ০২ বৎসর ০০ মাস ২৭ দিন এবং অর্ধ গড় বেতনে ০২ বৎসর ০৭ মাস ২৫ দিন ছুটি পাওনা আছি এবং আমার জুলাই/২০২৪ মাসের মূল বেতন ২০৭৬০/- ( বিশ হাজার সাতশত ষাট) টাকা।

অতএব বিনীত প্রার্থনা এই যে, আমাকে সরকারী কর্মচারীর অবসর ছুটির বিধিমালা অনুযায়ী আগামী ০১/০১/২০২৫ খ্রি. তারিখ হতে ০১ ( এক ) বৎসরের অবসরউত্তর ছুটি (পি আরএল ) সহ ১৮ ( আঠরো ) মাসের মূল বেতনের সমপরিমান লাম্পগ্রান্ড মঞ্জুরী দানে মহোদয়ের আজ্ঞা হয়।

তারিখঃ ২২/১২/২০২৪

সংযুক্তঃ

১. অষ্টম শ্রেনী পাশের সনদ ১টি
২.ছুটির হিসাব বিবরনী ১ টি
৩. চাকুরীর মূল খতিয়ান বহি ১ টি ( ৩য় খন্ড )

বিনীত নিবেদক

মোঃ মোশারফ হোসেন
অফিস সহায়ক
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর
আড়াইহাজার, নারায়ণগঞ্জ।